# উপজেলা পরিষদের মে ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ২৪.০৫.২০২৩ খ্রিঃ, বেলা ১১.০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |

সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণাকে কার্যবিবরণী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন| আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন তথ্য জানা যায়নি। তবে উপস্থিত সদস্যগণের মতামতের ভিত্তিতে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) রোগীদের সেবার মান বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জন্ম নিবন্ধনের জন্য গর্ভবতী মায়েদের তালিকার সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে সরকারের অনুশাসন অনুযায়ী বীরমুক্তিযোদ্ধাগণের জন্য হাসপাতালে সিট বরাদ্দ ও নিবিড় স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হবে।<br>(গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর জনবল ও চিকিৎসা সরঞ্জামাদিসহ সার্বিক কার্যক্রমের তথ্য উপস্থাপন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মদন। |
| ২. | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো ধান কর্তন শেষ হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকায় কৃষকগণ উৎসবমুখর পরিবেশে ধান কেটে ঘরে তুলতে পেরেছেন। সার বীজের কৃত্রিম সংকট রোধে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া গত ২১ মে ২০২৩ তারিখে ঘূর্ণিঝড়ে কোর্টবিল্ডিং এলাকায় গাছ-পালার ব্যাপক ক্ষতি হয়েছে। তার মধ্যে রেইনট্রি ০৪টি, মেহগণি ০২টি ও ইউক্যালিপ্টাস ১০টি গাছ ঝড়ে উপরে পড়ে গেছে। তিনি উক্ত গাছগুলো কর্তনের জন্য অনুরোধ জানান। | (ক) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা কৃষি অফিস হতে সুবিধাপ্রাপ্ত কৃষকের সংখ্যা এবং কি ধরণের সহায়তা প্রাপ্ত হয়েছেন তার সংক্ষিপ্ত তথ্য উপস্থাপন করতে হবে।<br>(খ) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) গত ২১ মে ২০২৩ তারিখে প্রবাহিত ঘূর্ণিঝড়ে মদন উপজেলায় ফসলাদির আনুমানিক ক্ষয়ক্ষতির পরিমাণ উপস্থাপন করতে হবে।<br>(ঙ) উপজেলা কৃষি অফিস হতে সুবিধাভোগী অন্তত ০১ জন সফল কৃষকের সচিত্র প্রতিবেদন সভাকে অবহিত করতে হবে।<br>(চ) উপজেলা কৃষি অফিস হতে ফসলাদির সম্পর্কে পরামর্শ গ্রহন করেছেন এমন সংখ্যা ও তথ্যাদি (ইউনিয়ন ভিত্তিক) সভাকে অবহিত করতে হবে।<br>(ছ) জানুয়ারি/২০২৩ থেকে মে/২০২৩ পর্যন্ত কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে , কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(জ) ঝড়ে পড়া রেইনট্রি ০৪টি, মেহগণি ০২টি ও ইউক্যালিপ্টাস ১০টি গাছ বিধিমোতাবেক কর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, মদন<br><br>উপজেলা প্রকৌশলী, মদন<br><br>বন বিভাগ মদন, নেত্রকোণা |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আসন্ন কোরবানীর ঈদকে সামনে রেখে গরু মোটাতাজাকরণ অনেক খামারী ক্যামিকেল জাতীয় গো-খাদ্য ব্যবহার করে। এ বিষয়ে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তিনি জানান তার অফিসের সামনে একটি পরিত্যাক্ত ভবন রয়েছে। উক্ত ভবনটি নিলামে বিক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক ৫৪,০৮০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে তার মধ্যে অপসারণ ব্যয় ধরা হয়েছে ৩৫,৩২৮/- এবং নীট মূল্য ১৮,৭৫২/- টাকা। ভবনটি ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে বিধায় ভবনটি অপসারণের জন্য অনুরোধ জানান। | (ক) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা প্রাণি সম্পদ অফিস হতে সুবিধাপ্রাপ্ত খামারীর সংখ্যা এবং কি ধরণের সহায়তা প্রাপ্ত হয়েছেন তার সংক্ষিপ্ত তথ্য উপস্থাপন করতে হবে।<br>(খ) গত ২১ মে ২০২৩ তারিখে প্রবাহিত ঘূর্ণিঝড়ে মদন উপজেলায় হাঁস-মুরগি ও গবাদি পশুর আনুমানিক ক্ষয়ক্ষতির পরিমাণ উপস্থাপন করতে হবে।<br>(গ) ঈদ-উল-আযহা উপলক্ষে মদন উপজেলায় কি পরিমাণ গবাদি পশু লালন-পালন করা হয়েছে তার আনুমানিক তালিকা। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |

| | | | |
|---|---|---|---|
| | | (ঘ) হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকা কার্যক্রমের তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(ঙ) ঈদ-উল-আযহা উপলক্ষে গরু মোটাতাজাকরণে খামারীদের নিরুৎসাহিত করতে কি ধরণের কার্যক্রম গ্রহণ/খামার পরিদর্শন করা হয়েছে তা উপস্থাপন করতে হবে।<br>(চ) উপজেলা প্রাণি সম্পদ অফিস হতে সুবিধাভোগী অন্তত ০১ জন সফল খামারীর সচিত্র প্রতিবেদন সভাকে অবহিত করতে হবে।<br>(ছ) উপজেলা প্রাণি সম্পদ অফিস হতে হাস-মুরগি ও গবাদি পশুর চিকিৎসা গ্রহনকারী খামারী/ব্যক্তির সংখ্যা (ইউনিয়ন ভিত্তিক) সভাকে অবহিত করতে হবে।<br>(জ) জানুয়ারি/২০২৩ থেকে মে/২০২৩ পর্যন্ত কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে , কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(ঝ) পুরাতন ঝুঁকিপূর্ণ ভবনটি নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন |
| ৪. | <u>উপজেলা মৎস্য বিভাগঃ</u> উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, হাওরে দেশীয় প্রজাতির মাছ রক্ষার জন্য মদন উপজেলায় সর্বত্র মাইকিং করা হচ্ছে। নিয়মিত হাওর পরিদর্শন করা হচ্ছে। অবৈধভাবে মৎস্য আহরণে অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। বাজারে ডিমওয়ালা মা মাছ এবং পোনা মাছ ধরা বন্ধে অভিযান চালানো হচ্ছে। তাছাড়া নিয়মিত মৎস্য চাষীদের পরামর্শ প্রদান করা হচ্ছে এবং শুটকি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>(গ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা মৎস্য অফিস হতে সুবিধাপ্রাপ্ত মৎস্যজীবীর সংখ্যা এবং কি ধরণের সহায়তা প্রাপ্ত হয়েছেন তার সংক্ষিপ্ত তথ্য উপস্থাপন করতে হবে।<br>(ঙ) উপজেলা মৎস্য অফিস হতে সুবিধাভোগী অন্তত ০১ জন সফল মৎস্যজীবীর সচিত্র প্রতিবেদন সভাকে অবহিত করতে হবে।<br>(চ) উপজেলা মৎস্য অফিস হতে মৎস্য চাষ সম্পর্কে পরামর্শ গ্রহন করেছেন এমন মৎস্যজীবীর সংখ্যা ও তথ্যাদি (ইউনিয়ন ভিত্তিক) সভাকে অবহিত করতে হবে।<br>(ছ) জানুয়ারি/২০২৩ থেকে মে/২০২৩ পর্যন্ত কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে , কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(জ) মদন উপজেলায় প্রকৃত মৎস্যজীবী দ্বারা পরিচালিত মৎস্য সমবায় সমিতির বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, মদন |
| ৫. | <u>উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থ বছরের এডিপি এর ৮টি প্যাকেজের টেন্ডার ই-জিপি সিস্টেমে হয়েছে। ২০/০৪/২৩ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয় এবং প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। | (ক) ২০২২-২৩ অর্থ বছরে এডিপির আওতায় কি কি কাজ চলমান রয়েছে এবং কতগুলো কাজ শতভাগ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) ২০২২-২৩ অর্থ বছরে কতগুলো বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে এবং কতগুলো বিদ্যালয়ে শতভাগ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(গ) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা প্রকৌশল বিভাগ এর আওতায় কতগুলো রাস্তার কাজ চলমান রয়েছে এবং কতগুলো কাজ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা প্রকৌশল বিভাগ এর আওতায় কতগুলো ব্রীজ ও কালভার্ট এর কাজ চলমান রয়েছে এবং কতগুলো কাজ শতভাগ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকৌশলী, মদন |

| | | | |
|---|---|---|---|
| ৬. | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,, এপ্রিল ২০২৩ মাসে ১৫১ জন মহিলাকে জন্মনিয়ন্ত্রণে খাবার বড়ি বিতরণ করা হয়, ৩১ জনকে কনডম, ০৭ জনকে ইনজেকশন এবং ২৩ জন মহিলাকে ইমাপ্লেন্টের আওতায় আনা হয়। স্থায়ী পদ্ধতিতে ০২ জন পুরুষ এবং ০৩জন মহিলাকে জন্মনিয়ন্ত্রণের আওতায় আনা হয়। তাছাড়া গত মাসে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে ৩৩ জন গর্ভবতী মাকে ডেলিভারী করা হয়। তাছাড়া তিনি জানান ইউনিয়ন স্বাস্থকেন্দ্রসমূহের সরকারি জায়াগা বেদখল হয়ে আছে। উক্ত জায়গা উদ্ধারের জন্য সভায় অনুরোধ জানান। | (ক) ২০২২-২৩ অর্থ বছরে মদন উপজেলার বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে এবং কতগুলো কাজ শতভাগ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) ইউনিয়ন স্বাস্থকেন্দ্রসমূহের বেদখলকৃত জায়গার তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন |
| ৭. | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান অতিদরিদ্রের কর্মসংস্থান কর্মসূচি প্রকল্পের কাজ মাঠে চলমান টি.আর এবং কাবিখা/কাবিটা প্রকল্পের ২য় ও ৩য় পর্যায়ের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। তাছাড়া ২য় পর্যায়ের ৪২টি বীর নিবাস নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে। | (ক) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে কি কি প্রকল্প গ্রহণ করা হয়েছে তার বিস্তারিত তথ্যাদি (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(খ) ২০২২-২৩ অর্থ বছরে কি কি কাজ চলমান রয়েছে এবং কতগুলো কাজ শতভাগ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্যাদি (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(গ) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে এর আওতায় কতগুলো ব্রীজ ও কালভার্ট এর কাজ চলমান রয়েছে এবং কতগুলো কাজ শতভাগ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন। |
| ৮. | **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান ১৮১৪ জন ভি.ডব্লিউ.বি কার্যক্রম চলমান রয়েছে মা ও শিশু সহায়তা তহবিলের কার্যক্রম আগামী ২০ জুন ২০২৩ মাসের মধ্যে সম্পন্ন করে ২৫ জুন ২০২৩ তারিখের মধ্যে রেজুলেশনসহ তালিকা প্রদান করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণকে অনুরোধ জানান। | (ক) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা মহিলা বিষয়ক অফিসে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার বিস্তারিত তথ্যাদি (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(খ) মা ও শিশু সহায়তা তহবিলের কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা মহিলা বিষয়ক অফিস হতে সুবিধাপ্রাপ্ত উপকারভোগীর সংখ্যা এবং কি ধরণের সহায়তা প্রাপ্ত হয়েছেন তার বিস্তারিত তথ্য (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৯. | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন তথ্য জানা যায়নি। তবে উপস্থিত সদস্যগণের মতামতের ভিত্তিতে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সরকার নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা আকস্মিক পরিদর্শনপূর্বক তথ্য সভায় অবহিত করবেন।<br>(খ) দূর্গম এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে প্রতিবেদনের তথ্য সভায় অবহিত করতে হবে।<br>(গ) সকল বিদ্যালয়ের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা পরিদর্শনপূর্বক সভায় অবহিত করবেন। | উপজেলা শিক্ষা অফিসার, মদন |
| ১০. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নিয়মিত বিদ্যালয় মনিটরিং করা হচ্ছে। | (ক) নোয়াগাঁও আফতাব হোসেন একাডেমীর জমি সংক্রান্ত বিরোধের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) মদন শহিদ স্মরণিকা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের মালিকানা বিরোধের সার্বিক চিত্র উপস্থাপন করতে হবে।<br>(গ) মদন শহিদ স্মরণিকা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আব্বাস উদ্দিন এর দুর্নীতির তদন্ত প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | **উপজেলা সমাজসেবা বিভাগঃ** ফিল্ড সুপার ভাইজার সভায় জানান যে, অত্র উপজেলা সমাজসেবা দপ্তর হতে ৮২৭৫ জনকে বয়স্ক ভাতা, ৫২৫৪ জনকে বিধবা ভাতা, ১৮৫৬ জনকে প্রতিবন্ধী ভাতা ২৪ জন অনগ্রসর ভাতা ৩৩ জন বেদেকে বেদে ভাতা, ২৩ অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, ০৮ জনকে বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, ৭৫জন প্রতিবন্ধীকে শিক্ষা উপবৃত্তি এবং ০১জনকে হিজড়া ভাতা প্রদান করা হচ্ছে। এ | (ক) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা সমাজসেবা অফিসে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার বিস্তারিত তথ্যাদি (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলায় মোট ভাতাভোগীর সংখ্যা ১৫,৫৪৯ জন। | কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(গ) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা সমাজসেবা অফিস হতে সুবিধাপ্রাপ্ত উপকারভোগীর সংখ্যা এবং কি ধরণের সহায়তা প্রাপ্ত হয়েছেন তার বিস্তারিত তথ্য (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(ঘ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২. | **উপজেলা যুব উন্নয়ন অফিস :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বেকার যুবক যুবতিদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ, মৎস্য চাষ প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। চলতি অর্থ বছরে মৎস্য চাষের উপর একটি প্রশিক্ষণ অনুষ্ঠান বাকী আছে। তা শীঘ্রই শুরু করা হবে। প্রশিক্ষিত যুবক যুবতিদের ঋণ প্রদান করা হয়। খেলাপী ঋন আদায়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | (ক) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা যুব উন্নয়ন অফিসে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার বিস্তারিত তথ্যাদি (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(গ) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা যুব উন্নয়ন অফিস হতে সুবিধাপ্রাপ্ত উপকারভোগীর সংখ্যা এবং কি ধরণের সহায়তা প্রাপ্ত হয়েছেন তার বিস্তারিত তথ্য (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(ঘ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঙ) ২০২২-২৩ অর্থ বছরে যেসকল প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়নি, দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করে সভায় অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। গুচ্ছগ্রাম প্রকল্পের আওতায় সুফলভোগীদের মাঝে প্রশিক্ষণ কার্যক্রম শীঘ্রই শুরু করা হবে। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পল্লী উন্নয়ন অফিস হতে সুবিধাপ্রাপ্ত উপকারভোগীর সংখ্যা এবং কি ধরণের সহায়তা প্রাপ্ত হয়েছেন তার বিস্তারিত তথ্য (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(গ) ২০২২-২৩ অর্থ বছরে যেসকল প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়নি, দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করে সভায় অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মদন |
| ১৪. | **ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখাঃ** ব্যবস্থাপক, সভায় জানান যে, অত্র উপজেলায় সমিতির সংখ্যা ২০৬টি, সদস্য সংখ্যা ৮৭৫০জন, ঋনগ্রহিতা সদস্য সংখ্যা ৬২২১ জন। অত্র উপজেলায় ঋন বিতরণ করা হয়েছে ১৪ কোটি ৯০ লক্ষ টাকা । এ বছর ঋন আদায় করা হয়েছে ৬ কোটি ১১ লক্ষ টাকা। ঋন বিতরণ করা হয়েছে ৫ কোটি ৬০ লক্ষ টাকা এবং আদায়ের হার ৫৩% । | (ক) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সক্ষমতা যাচাইপূর্বক জনগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ঋণ প্রদানে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন |
| ১৫. | **জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ** জনস্বাস্থ্য প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থ বছরের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি করে সাবমারসিবল টিউবওয়েল স্থাপনের কাজ চলমান রয়েছে। উপজেলায় মোট ২০৮টি সাবমারসিবলের মধ্যে বোরিং ও পাকাকরণ কাজ সম্পন্ন হয়েছে ১৭৯টি, শুধুমাত্র বোরিং কাজ সম্পন্ন হয়েছে ৯১টি এবং বোরিং কাজ চলমান রয়েছে ৩৭টি নলকূপের। তাছাড়া হাওর প্রকল্পে আওতায় মোট ৯৯ টি সাবমারসিবলের মধ্যে বোরিং ও পাকাকরণ সম্পন্ন হয়েছে ৯৯টি, বোরিং সম্পন্ন হয়েছে ২১টি এবং কাজ চলমান রয়েছে ৬টি নলকূপের। | (ক) ২০২০-২১ এবং ২০২১-২০২২ অথবা তার পূর্বের যেকোন অর্থ বছরের গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রম যা এখনো সম্পন্ন হয়নি, কিন্তু বিল পরিশোধ হয়েছে এমন কার্যক্রমের সুনির্দিষ্ট তথ্য/উপাত্ত সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দকৃত গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রমের হালনাগাদ তথ্য ও বাস্তবায়ন হার (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(গ) গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রমের উপকারভোগী নির্বাচনে অবশ্যই সরকারী বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং নির্বাচিত উপকারভোগীদের প্রোফাইল সভায় সকলের অবগতির জন্য উপস্থাপন করতে হবে।<br>(ঘ) গভীর টিউবওয়েল যাথযথভাবে স্থাপনে সরকারী বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ১৬. | **উপজেলা দারিদ্র বিমোচন অফিসঃ** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান দারিদ্র বিমোচনে বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে সহজ শর্তে ঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা দারিদ্র বিমোচন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |

| | | | |
|---|---|---|---|
| | | অফিস হতে সুবিধাপ্রাপ্ত উপকারভোগীর সংখ্যা এবং কি ধরণের সহায়তা প্রাপ্ত হয়েছেন তার বিস্তারিত তথ্য (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(গ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা জানান উপজেলায় অডিটযোগ্য মোট ৫৯টি সমবায় সমিতি রয়েছে। সমবায় সমিতিগুলো নিয়মিত অডিট, পরিদর্শন, তদারকি, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সমবায়ীদের সমন্বয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ, বিভিন্ন সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ,বার্ষিক সাধারণ সভা ও বিধি মোতাবেক অডিট ফি, সমবায় উন্নয়ন তহবিল আদায় কার্যক্রম অব্যাহত আছে। | (ক) মদন উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) ২০২২-২৩ অর্থ বছরে কি কি প্রশিক্ষণ ও কি কি সুবিধা প্রদান করা হয়েছে তার বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে।<br>(গ) সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকির করে বিস্তারিত সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, মদন |
| ১৮. | চেয়ারম্যান চানগাঁও ইউপি : তিনি জানান গত ২১ মে ২০২৩ তারিখে ঘূর্ণিঝড়ে ঘরবাড়ী ক্ষয়ক্ষতির পাশাপাশি কৃষির অনেক ক্ষতি হয়েছে। তার ইউনিয়নের বিভিন্ন এলাকায় পাট ক্ষেতের ক্ষতি হয়েছে। তাছাড়া মৎস্য ও প্রাণি সম্পদের অনেক ক্ষতি হয়েছে। তিনি এসকল ক্ষয়ক্ষতির তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ জানান। তাদেরকে সহায়তার আওতায় আনার জন্য অনুরোধ জানান। | ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত কৃষি, প্রাণিসম্পদের তালিকা প্রস্তুত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ১৯. | চেয়ারম্যান ফতেপুর ইউপি : তিনি জানান প্রত্যেক ইউনিয়ন পরিষদে প্রাণিসম্পদ অফিস, পরিবার পরিকল্পনা অফিস, আনসার ও ভিডিপি অফিসসহ আরো কয়েকটি সরকারী দপ্তরের অফিস আছে। কিন্তু কোন অফিসের লোকজন ইউনিয়ন পরিষদের অফিসে আসে না। ফলে জনগণ সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তিনি সকল অফিসারকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান। | ইউনিয়ন পরিষদে সকল নির্ধারিত অফিসের কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর |
| ২০. | চেয়ারম্যান গোবিন্দশ্রী ইউপি : তিনি জানান গোবিন্দশ্রী গুচ্ছগ্রামে মাটি সরে গেছে। সেখানে গাইড ওয়াল নির্মাণ করা জরুরী। তাছাড়া ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সের বেহাল দশা। সেখানে কোন ডাক্তার আসেনা। লোকজন স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হচ্ছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এ বিষয়ে বিধি অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ পূর্বক সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২১. | চেয়ারম্যান, তিয়শ্রী ইউনিয়ন পরিষদ : ইউনিয়ন পরিষদগুলোর জরাজীর্ণ হয়ে পড়েছে। তিনি জরুরী ভিত্তিতে ইউনিয়ন পরিষদগুলো মেরামতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ইউনিয়ন পরিষদ ভবনসমূহ মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ২২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ : নিয়মিতভাবে স্থায়ী কমিটি সমূহের সভা অনুষ্ঠানের জন্য বিভাগীয় কর্মকর্তাদেরকে অনুরোধ জানান। | নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে আগামী সভার ০৩ দিন পূর্বে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |
| ২৩. | চেয়ারম্যান, উপজেলা পরিষদঃ সভায় জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে ন্যায় ও সততার সাথে সঠিক ভাবে কাজ করার অনুরোধ জানান। | প্রত্যেক দপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |

২৪। (ক) বিবিধ আলোচনা : ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জানান পবিত্র ঈদুল আযহা উপলক্ষে স্থানীয় লোকজনের সুবিধার্থে বিভিন্ন ইউনিয়নে কোরবানী পশু ক্রয়-বিক্রয়ের জন্য প্রতিবছর অস্থায়ী গরুর হাট বাসানো হয়। এ বছরও আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে নিম্নলিখিত স্থানগুলোতে কোরবানীর পশুর হাট বসানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

| ইউনিয়ন | বাজারের নাম |
|---|---|
| কাইটাইল ইউনিয়ন | ১। জাওলা বাজার। |
| গোবিন্দশ্রী ইউনিয়ন | ২। গোবিন্দশ্রী বাজার<br>৩। পদমশ্রী সাকাল বাজার |
| তিয়শ্রী ইউনিয়ন | ৪। তিয়শ্রী বাজার<br>৫। বালালী বাঘমারা বাজার |
| ফতেপুর ইউনিয়ন | ৬। হাটশিরা বাজার |
| নায়েকপুর | ৭। সিংহের বাজার<br>৮। জনতা বাজার |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনগণের সুবিধার্থে উল্লিখিত বাজারসমূহে পবিত্র ঈদুল আযহা ২০২৩ উপলক্ষে অস্থায়ী পশুর হাট বসাতে জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদনের জন্য অনুরোধ জানান।

অফিসার ইন-চার্জ মদন থানা জানান আসন্ন পবিত্র ঈদুল আযহা ২০২৩ উপলক্ষে উল্লিখিত বাজারসমূহে অস্থায়ী পশুর হাট বাসানো হলে হাওর অঞ্চলের মানুষের উপকার হবে। তিনি আরো জানান উক্ত বাজারসমূহে আইন শৃংখলা রক্ষায় প্রয়োজনীয় সংখ্যক পুরিশ ফোর্স মোতায়েন করা হবে।

উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান আসন্ন পবিত্র ঈদুল আযহা ২০২৩ উপলক্ষে কোরবানীর হাটে পশুর শরীরে বিষাক্ত রাসায়নিক ঔষধ পুশ করা হয়েছে কিনা তা পরীক্ষার করার জন্য প্রতিটি বাজারে তার দপ্তর থেকে মনিটরিং টিম প্রেরণ করা হবে।

উপজেলা নির্বাহী অফিসার জানান প্রতিটি বাজার তুলনামুলকভাবে ছোট এবং জনসাধারণের চলাচলের রাস্তা থেকে দূরে অবস্থিত। উল্লিখিত জাওলা বাজার, তিয়শ্রী বাজার, বালালী বাঘমারা বাজার, হাটশিরা বাজার ও সিংহের বাজারগুলোতে প্রতি বছর পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে অস্থায়ী পশুর হাট বসে আসছে। ফলে এ বছর উল্লিখিত ০৮ টি বাজারে

উপজেলা নির্বাহী অফিসার জানান প্রতিটি বাজার তুলনামুলকভাবে ছোট এবং জনসাধারণের চলাচলের রাস্তা থেকে দূরে অবস্থিত। উল্লিখিত জাওলা বাজার, তিয়শ্রী বাজার, ...লী বাঘমারা বাজার, হাটশিরা বাজার ও সিংহের বাজারগুলোতে প্রতি বছর পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে অস্থায়ী পশুর হাট বসে আসছে। ফলে এ বছর উল্লিখিত ০৮ টি বাজারে অস্থায়ী পশুর হাট বসানোর অনুমতি প্রদান করা হলে পার্শ্ববর্তী/ নিকটবর্তী সায়রাত ভুক্ত কোন বাজার ক্ষতিগ্রস্থ হবেনা; সড়ক/মহাসড়কে যান চলাচলের কোন বিঘ্ন ঘটবেনা ; শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ বা খেলার মাঠে কোন বাজার বসানো হবে না এবং হাটকে কেন্দ্র করে স্থানীয়ভাবে আইনশৃংখলা পরিস্থিতির অবনতি হবেনা মর্মে প্রতীয়মান হয়। সার্বিক বিবেচনায় উল্লিখিত বাজারে অস্থায়ী পশুর হাট বসানোর অনুমতি দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত: আসন্ন পবিত্র ঈদুল আযহা ২০২৩ উপলক্ষে উল্লিখিত স্থানগুলোতে কোরবানীর পশুর হাট বসানোর অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২৪। (খ)বিবিধ আলোচনা : উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে নেত্রকোণা জেলার মদন উপজেলাধীন পুরাতন উপজেলা কমপ্লেক্স ভবন পরিত্যাক্ত টিনশেড হাফ বিল্ডিং নিলাম বিক্রয়ের জন্য =১,৮২,০৬০/-(এক লক্ষ বিরাশি হাজার ষাট) টাকা প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তার মধ্যে ভাঙ্গা খরচ বাবদ =৩৬,৮৯৪/-(ছত্রিশ হাজার আটশত চুরানব্বই) টাকা বাদে নীট=১,৪৫,১৬৬/- ((এক লক্ষ পয়তাল্লিশ হাজার একশত ছয়ষট্টি) টাকা মূল্য নির্ধারণ করা হয়। তিনি আরও জানান যে, উক্ত পুরাতন ভবনসমূহ নিলাম বিক্রয় অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন এবং সর্ব সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : মদন উপজেলাধীন পুরাতন উপজেলা কমপ্লেক্স ভবন পরিত্যাক্ত টিনশেড হাফ বিল্ডিং নিলাম বিক্রয়ের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন সদয় অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২৪। (গ) বিবিধ আলোচনা : চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদ কোর্ট বিল্ডিং পার্শ্বস্থ জামে মসজিদের স্থলে উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ করা হয়েছে বিধায় উপজেলা মসজিদ ছোট্ট পরিসরে একটি ভবনে কোনমতে নামাজ আদায়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে। যেহেতু উপজেলা জামে মসজিদ ঐতিহাসিকভাবে উপজেলা পরিষদ চত্বরেই হয়ে থাকে এবং কর্মকর্তা-কর্মচারীগণ উক্ত মসজিদে পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করে থাকেন। তৎপ্রেক্ষিতে উপজেলা জামে মসজিদটি নতুন রুপে নির্মাণের নিমিত্ত একটি উপর্যুক্ত জায়গায় নির্বাচন পূর্বক স্থানান্তর অতিব জরুরি। তিনি মসজিদটি স্থানান্তরের জন্য উপর্যুক্ত জায়গা চিহ্নিত করার লক্ষ্যে একটি কমিটি গঠনের অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে মসজিদের জায়গা চিহ্নিত করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটি :

| | |
|---|---|
| ০১। উপজেলা কৃষি অফিসার | সভাপতি |
| ০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য সচিব |
| ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |

২৪। (ঘ) বিবিধ আলোচনা : চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারী এবং স্থানীয় লোকজনের পবিত্র ঈদের নামাজ আদায়ের জন্য একটি ঈদগাহ মাঠ জরুরি ভিত্তিতে নির্ধারণ করা প্রয়োজন। ঈদগাহ মাঠটি অবশ্যই নবনির্মিত উপজেলা কমপ্লেক্স ভবনের আশে-পাশে হতে হবে যাতে করে এর ব্যবস্থাপনা কার্যক্রম খুব সহজেই পরিচালনা করা সহজ হয়। সেলক্ষ্যে দ্রুত উপজেলা কমপ্লেক্সের পার্শ্বে একটি ঈদগাহ মাঠের জায়গা নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে ঈদগাহ মাঠের জায়গায় নির্ধারণের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটি :

| | |
|---|---|
| ০১। উপজেলা মৎস্য কর্মকর্তা | সভাপতি |
| ০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য সচিব |
| ০৩। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক | সদস্য |

২৪। (ঙ) বিবিধ আলোচনা : চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য কোন নিরাপত্তা বেষ্টনী নাই। তাই উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার জন্য নিরাপত্তা বেষ্টনী নির্মাণ করার জরুরি প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে নিরাপত্তা বেষ্টনী নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটি :

| | |
|---|---|
| ০১। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | সভাপতি |
| ০২। উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (এলজিইডি) | সদস্য সচিব |
| ০৩। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী | সদস্য |

২৪। (চ) বিবিধ আলোচনা : উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানের বসবাস করার জন্য কোন সরকারি বাসভবন নাই। সরকারি কাজের স্বার্থে উপজেলা পরিষদ চত্বরে একটি বাসভবন নির্মাণ করার প্রয়োজন। তিনি বাসভবন নির্মাণের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের চেয়ারম্যানের সরকারি বাসভবন নির্মাণের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর আর কোনা আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Rahman 24/5/23

(মো: হাবিবুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

-০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.২২.৩৫(৩১) তারিখঃ ২৪.০৫.২০২৩ খ্রি.

লিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা..................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা (আগামী সভার ০৩দিন পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিকস ফ্রন্টে সফটকপি ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় মেইলে unomadan@yahoo.com প্রেরণ করতে হবে)।
২. মেয়র, মদন পৌরসভা, মদন, নেত্রকোণা
৩. চেয়ারম্যান (সকল)............................ইউপি, মদন, নেত্রকোণা
৪. বেগম............................., সংরক্ষিত আসন,..........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা
৫. সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. মাননীয় সংসদ সদস্য, ১৬০ -নেত্রকোণা-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা
২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা
৫. চেয়ারম্যান, উপজেল পরিষদ, মদন, নেত্রকোণা
৬. ভাইস চেয়ারম্যান/ ভাইস মহিলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা

(মো: শাহ্ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
unomadan@mopa.gov.bd

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ঠ-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা কৃষি অফিসার, মদন, নেত্রকোণা। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ২. উপজেলা মৎস্য কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৩. চেয়ারম্যান, ০২ নং চানগাঁও ইউনিয়ন পরিষদ |
| ৪. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন, নেত্রকোণা। | ৪. চেয়ারম্যান, ০৩ নং মদন ইউনিয়ন পরিষদ |
| ৫. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৫. চেয়ারম্যান, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদ |
| ৬. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৬. চেয়ারম্যান, ০৫ নং মাঘান ইউনিয়ন পরিষদ |
| ৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৭. চেয়ারম্যান, ০৬ নং তিয়শ্রী ইউনিয়ন পরিষদ |
| ৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণ। | ৮. চেয়ারম্যান, ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদ |
| ৯. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা। | ৯. চেয়ারম্যান, ০৮ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ। |
| ১০. উপজেলা পল্লী দারিদ্র বিচমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১১. উপজেলা বিআরডিবি কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১২. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, মদন, নেত্রকোণা। | |
| ১৩. উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোনা। | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ঠ-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১। মেয়র, মদন পৌরসভা |
| ২। উপজেলা শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| | ৩। চেয়ারম্যান, ০১নং কাইটাইল ইউনিয়ন পরিষদ (অনুমতিক্রমে) |

কর্মকর্তা ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ঠ-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন, নেত্রকোণা এর স্থলে অফিস সহকারী জনাব আজাহারুল ইসলাম | - |
| ২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা এর স্থলে জনাব মো: সোহাগ মিয়া, ফিল্ড সুপার ভাইজার। | |

(মো: শাহ্ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা